

ঢাকা মহানগর, উত্তরখানের বেপারীপাড়ায় ১ টি ব্যাটারী কারখানাকে ৬ লক্ষ টাকা এবং ১ টি প্লাস্টিক রিসাইক্লিং কারখানাকে ২ লক্ষ টাকা জরিমানা করেছে পরিবেশ অধিদপ্তর।

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ এর নেতৃত্বে আজ ০২/০৯/২০২০ তারিখ ঢাকা মহানগর, উত্তরখানের বেপারীপাড়া এলাকায় পরিবেশগত ছাড়পত্রবিহীন এবং তরল বর্জ্য পরিশোধনাগার (ইটিপি) বিহীন ব্যাটারী তৈরীর কারখানা ও প্লাস্টিক রিসাইক্লিং কারখানার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

দীর্ঘদিন যাবৎ বেপারীপাড়া, উত্তরখান এলাকায় ব্যাটারী কারখানা ইটিপি নির্মাণব্যতীত এবং পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতীত কারখানা স্থাপন ও উৎপাদন কার্যক্রম পরিচালনা করছিল। ব্যাটারী কারখানা হতে সৃষ্ট এসিড মিশ্রিত ঝুঁকিপূর্ণ তরল বর্জ্য এবং প্লাস্টিক রিসাইক্লিং কারখানা হতে সৃষ্ট স্লাজ মিশ্রিত অপরিশোধিত ঝুঁকিপূর্ণ তরল বর্জ্য ড্রেনের মাধ্যমে অপরিশোধিত অবস্থায় তুরাগ নদীতে নির্গমনের মাধ্যমে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা হিসাবে ঘোষিত তুরাগ নদীকে ব্যাপকভাবে দূষিত করছিল। উল্লেখ্য যে মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ১৩৯৮৯/২০১৬ এর আদেশে তুরাগ নদীকে জীবন্ত সত্তা/আইনি সত্তা হিসাবে ঘোষণা করে সংশ্লিষ্ট অধিদপ্তরকে এ নদী দূষণ ও দখলমুক্ত রাখার নির্দেশ দিয়েছেন। এ প্রেক্ষিতে পরিবেশ অধিদপ্তর নদী দূষণ ও দখলের বিরুদ্ধে চলমান অভিযান জোরদার করেছে। এর ধারাবাহিকতায় আজ ০২/০৯/২০২০ তারিখ অভিযান চালিয়ে নেহা এন্টারপ্রাইজ (ব্যাটারী কারখানা), বেপারীপাড়া, উত্তরখান, ঢাকা-কে ৬ লক্ষ টাকা এবং সেভেন ওয়ান প্লাস্টিক ইন্ডাস্ট্রিজ লিঃ, বেপারী পাড়া, উত্তরখান, ঢাকা-কে ২ লক্ষ টাকা জরিমানা ধার্য করা হয় এবং বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার মাধ্যমে অবৈধ কারখানা দুটির উৎপাদন বন্ধ করে দেয়া হয়।

অবৈধ কারখানাসমূহ বন্ধ করলে এলাকাবাসী সন্তোষ প্রকাশ করেন। অভিযান পরিচালনাকালে পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ জানান, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের নির্দেশনায় দূষণকারী শিল্প প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের অভিযান অব্যাহত থাকবে। এ অভিযানে তাঁকে সার্বিক সহযোগিতা করেন পরিবেশ অধিদপ্তর ঢাকা মহানগর কার্যালয়ের সহকারী পরিচালক জনাব সাইফুল আশ্রাব পরিবেশ অধিদপ্তর, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর পরিদর্শক মোঃ মিজা আসাদুল কিবরিয়া। এছাড়া আইন শৃঙ্খলা রক্ষায় ডিএমপির রিজার্ভ পুলিশ ফোর্স সহযোগিতা করেন।

তারিখঃ ঢাকা
০২/০৯/২০২০

স্বাক্ষরিত/-

(মোঃ সামসুজ্জামান সরকার)
সহকারী পরিচালক
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং, পরিবেশ
অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।